# ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটে আয়কর বিষয়ক উল্লেখযোগ্য পরিবর্তনসমূহ:

**১।  স্বাভাবিক ব্যক্তি (individual), ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবার শ্রেণির করদাতার হার:**

(ক) স্বাভাবিক ব্যক্তি করদাতা, ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবারের করধাপ ও করহার নিম্নরূপ করার প্রস্তাব করা হয়েছেঃ

| বিদ্যমান করধাপ | বিদ্যমান করহার ২০২৩-২০২৪ | প্রস্তাবিত করধাপ | প্রস্তাবিত করহার ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ |
|---|---|---|---|
| ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত | শূন্য | ৩,৫০,০০০ টাকা পর্যন্ত | শূন্য |
| পরবর্তী ১,০০,০০০/- টাকার | ৫% | পরবর্তী ১,০০,০০০ টাকার উপর | ৫% |
| পরবর্তী ৩,০০,০০০/-টাকার | ১০% | পরবর্তী ৪,০০,০০০ টাকার উপর | ১০% |
| পরবর্তী ৪,০০,০০০/- টাকার | ১৫% | পরবর্তী ৫,০০,০০০ টাকার উপর | ১৫% |
| পরবর্তী ৫,০০,০০০/- টাকার | ২০% | পরবর্তী ৫,০০,০০০ টাকার উপর | ২০% |
| অবশিষ্ট টাকার উপর | ২৫% | পরবর্তী ২০,০০,০০০ টাকার উপর | ২৫% |
| | | অবশিষ্ট টাকার উপর | ৩০% |

(খ) একই সাথে স্বাভাবিক ব্যক্তি করদাতা, ফার্ম ও হিন্দু অবিভক্ত পরিবারের করমুক্ত আয়ের সীমা নিম্নরূপ করার প্রস্তাব করা হয়েছে:

| করমুক্ত আয়ের সীমা | বিদ্যমান ২০২৩-২৪ | প্রস্তাবিত ২০২৪-২৫ ও ২০২৫-২৬ |
|---|---|---|
| সাধারণ করদাতা | ৩ লক্ষ ৫০ হাজার টাকা | অপরিবর্তিত |
| মহিলা ও ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতা | ৪ লক্ষ টাকা | অপরিবর্তিত |
| প্রতিবন্ধী ব্যক্তি করদাতা | ৪ লক্ষ ৭৫ হাজার টাকা | অপরিবর্তিত |
| গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা | ৫ লক্ষ টাকা | অপরিবর্তিত |
| তৃতীয় লিঙ্গ করদাতা | ৪ লক্ষ ৭৫ হাজার টাকা | অপরিবর্তিত |
| কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের ক্ষেত্রে এরূপ প্রত্যেক সন্তান/পোষ্যের জন্য করমুক্ত সীমা ৫০,০০০/- টাকা বেশী। | | |

**২। ভবিষ্যাপেক্ষ (Prospective) কর ব্যবস্থার প্রবর্তন:**

ব্যবসা বাণিজ্যের সম্প্রসারণ, দেশের কর ব্যবস্থার প্রতি বিনিয়োগকারীদের আস্থার উন্নয়ন এবং স্থানীয় ও বিদেশি বিনিয়োগকে উৎসাহিত করার জন্য ২০২৪-২৫ এর জন্য প্রস্তাবিত করহারকে ২০২৫-২৬ করবর্ষের জন্য বহাল রাখার প্রস্তাব করা হয়েছে। আন্তর্জাতিক উত্তম চর্চার সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশে ভবিষ্যাপেক্ষ (Prospective) কর ব্যবস্থার সূচনার মাধ্যমে করদাতাগণ যথাযথ কর পরিকল্পনা গ্রহণ করতে পারবেন যা কর পরিপালন বৃদ্ধিতে সহায়তা করবে।

**৩। কোম্পানি করহার:**

শর্তসাপেক্ষে কোম্পানি করহার নিম্নরূপ করার প্রস্তাব করা হয়েছে, যথা:-

(ক) আয়কর আইনে সংজ্ঞায়িত কোম্পানিসমূহের মধ্যে যারা পাবলিকলি ট্রেডেড নয় এইসব কোম্পানির ক্ষেত্রে করহার শর্তসাপেক্ষে ২৭.৫% থেকে ২৫%;

(খ) এক ব্যক্তি কোম্পানির করহার শর্তসাপেক্ষে ২২.৫% থেকে ২০%

(গ) পরিশোধিত মূলধনের নির্দিষ্ট পরিমাণের অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তর হলে তালিকাভুক্ত কোম্পানির জন্য করহার শর্তসাপেক্ষে ২২.৫% থেকে ২০%;

(ঘ) সমবায় সমিতির জন্য করহার ১৫% থেকে ২০%;

এক্ষেত্রে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।অন্যান্য করহার এর বিদ্যমান কাঠামোটি বহাল রাখার প্রস্তাব করা হয়েছে।

**৪। অপ্রদর্শিত পরিসম্পদ প্রদর্শনে বিশেষ ব্যবস্থা:**

আয়কর আইন, ২০২৩ বা অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, আয়কর কর্তৃপক্ষসহ অন্য কোনো সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ কোনো ব্যক্তির কোনো পরিসম্পদ অর্জনের উৎস নিয়ে কোনো প্রশ্ন উত্থাপন করতে পারবে না, যদি উক্ত ব্যক্তি ১ জুলাই ২০২৪ হইতে ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে (উভয় দিন অন্তর্ভূক্ত) ২০২৪-২০২৫ করবর্ষের রিটার্ন বা সংশোধিত রিটার্ন দাখিলের পূর্বে অপ্রদর্শিত স্থাবর সম্পত্তি যেমন, ফ্ল্যাট, অ্যাপার্টমেন্ট ও ভূমির জন্য নির্দিষ্ট করহার এবং নগদসহ অন্যান্য পরিসম্পদের উপর ১৫% কর পরিশোধ করেন।

**৫। পরিবেশ সারচার্জ:**

কোন ব্যক্তির বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য গাড়ি একের অধিক থাকলে একের অধিক যত গাড়ি থাকবে তার উপর ২০২৩-২০২৪ অর্থবছরে পরিবেশ সারচার্জ আরোপের বিধান প্রস্তাব করা হয়েছিল। এই অর্থবছরে উক্ত পরিবেশ সারচার্জ এর বিদ্যমান কাঠামো বহাল রাখার প্রস্তাব করা হয়েছে।

৬। **সারচার্জ:**

বিত্তশালী ব্যক্তি করদাতাদের নিকট হতে বর্তমানে নীট সম্পদের ভিত্তিতে প্রদেয় আয়করের শতকরা হারে সারচার্জের বিধান রয়েছে। সারচার্জের বিদ্যমান কাঠামো অপরিবর্তিত রাখার প্রস্তাব করা হয়েছে।

**৭। উৎসে করহার যৌক্তিকীকরণ:**

(ক) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উৎসে কর কর্তন কমানো যেমন- ধান, চাল, গম, আলু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভূট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উৎসে কর কর্তনের বিদ্যমান হার ২% হতে কমিয়ে ১% নির্ধারণের প্রস্তাব করা হয়েছে;

(খ) গ্যাস ও পেট্রোলিয়াম তেল সরবরাহের বিপরীতে উৎসে কর কর্তন এবং গুঁড়ো দুধ, অ্যালুমিনিয়াম পণ্য, সিরামিক পণ্য হতে উৎসে কর সংগ্রহের হার যৌক্তিকীকরণপূর্বক উক্তরূপ কর্তিত কর ন্যূনতম কর হিসেবে গ্রাহ্য করার প্রস্তাব করা হয়েছে;

(গ) ফল ও ফুল আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে উৎসে করহার ৫% হতে বৃদ্ধি করে ১০% করার প্রস্তাব করা হয়েছে;

(ঘ) ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সির আয় হতে উৎসে কর কর্তন কমানোর প্রস্তাব করা হয়েছে;

(ঙ) কোনো সেলুলার মোবাইল ফোন অপারেটর কর্তৃক পরিশোধিত আয় বন্টন বা কোনো লাইসেন্স ফি বা অন্য কোনো ফি বা চার্জ হইতে কর কর্তন করার হার বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে;

(চ) ট্রাস্ট, ব্যক্তিসংঘ, সরকারি বিশ্ববিদ্যালয় ও এমপিওভুক্ত প্রতিষ্ঠানের সুদ আয় হতে ২০% হারে এবং বিভিন্ন ফান্ড ও প্রাথমিক বিদ্যালয়ের সুদ আয় হতে ১০% হারে কর কর্তন করার প্রস্তাব করা হয়েছে;

(ছ) ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর অধীনে ইট প্রস্তুত বা উৎপাদনের লাইসেন্স প্রদান বা নবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কোনো ব্যক্তি কর্তৃক লাইসেন্স প্রদান বা নবায়নের ক্ষেত্রে কর সংগ্রহের বিধান যৌক্তিকীকরণ করার প্রস্তাব করা হয়েছে।

**৮। করনেট সম্প্রসারণ:**

(ক) উৎসে কর কর্তন বা সংগ্রহের নিমিত্ত রিসোর্ট, মোটেল, রেস্টুরেন্ট, কনভেনশন সেন্টারকে নির্দিষ্ট ব্যক্তির সংজ্ঞায় অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়েছে;

(খ) হোটেল, রেস্টুরেন্ট, মোটেল, হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টারসমূহের লাইসেন্স প্রাপ্তি ও নবায়নকালে এবং কমিউনিটি সেন্টার, কনভেনশন হল বা সমজাতীয় কোনো সেবা গ্রহণকালে রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপনের বাধ্যবাধকতা আরোপ করার প্রস্তাব করা হয়েছে;

(গ) ব্যবসা স্থানে রিটার্ন দাখিলের প্রমাণ প্রদর্শনের ব্যর্থতায় অন্যূন ২০ হাজার টাকা এবং অনধিক ৫০ হাজার টাকা জরিমানার বিধান করার প্রস্তাব করা হয়েছে।

**৯। প্রত্যক্ষ করব্যয় (Direct Tax Expenditure):**

২০২০-২১ অর্থবর্ষের “প্রত্যক্ষ করব্যয়”এর মোট প্রাক্কলিত পরিমাণ ছিল ১,২৫,৮১৩ কোটি টাকা। ২০২১-২২ অর্থবর্ষের জন্য “প্রত্যক্ষ করব্যয়” প্রাক্কলিত হয়েছে ১,১৫,৬১৬ কোটি টাকা- এর মধ্যে কোম্পানি পর্যায়ে ৭১,৯৫৪ কোটি টাকা এবং স্বাভাবিক ব্যক্তি পর্যায়ে ৪৩,৬৬২ কোটি টাকা। সামগ্রিকভাবে, ২০২১-২২ অর্থবর্ষের জন্য এই “প্রত্যক্ষ করব্যয়”মোট জিডিপি এর ২.৯১%, যা পূর্ববর্তী অর্থবর্ষের জন্য ছিল ৩.৫৬%। ২০২৪-২০২৫ অর্থবর্ষে প্রক্ষেপিত প্রত্যক্ষ করব্যয় ১,৬২,৮৮৫ কোটি টাকা।

**১০। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সহায়ক ব্যবসা সহজিকরণ:**

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এর সহায়ক হিসাবে আমি কোনো নিবাসী ব্যক্তি বা অনিবাসী বাংলাদেশি স্বাভাবিক ব্যক্তির নিম্নবর্ণিত কোনো ব্যবসা হতে উদ্ভূত আয়, উক্ত ব্যক্তির সকল ব্যবসায়িক কার্যক্রম ক্যাশলেস হবার শর্তে তিন বছর করমুক্ত করার প্রস্তাব করা হয়েছে, যথা:-

(ক) এআই বেজড্ সলিউশন ডেভেলপমেন্ট (AI based solution development);

(খ) ব্লকচেইন বেজড্ সলিউশন ডেভেলপমেন্ট (blockchain based solution development);

(গ) রোবোটিক্স প্রসেস আউটসোর্সিং (robotics process outsourcing);

(ঘ) সফটওয়্যার অ্যাজ আ সার্ভিস (software as a service);

(ঙ) সাইবার সিকিউরিটি সার্ভিস (cyber security service);

(চ) ডিজিটাল ডেটা এনালাইটিক্স ও ডেটা সাইয়েন্স (digital data analytics and data science);

(ছ) মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট সার্ভিস (mobile application development service);

(জ) সফটওয়্যার ডেভেলপমেন্ট ও কাস্টমাইজেশন (software development and customization);

(ঝ) সফটওয়্যার টেস্ট ল্যাব সার্ভিস (software test lab service);

(ঞ) ওয়েব লিস্টিং, ওয়েবসাইট ডেভেলপমেন্ট ও সার্ভিস (web listing, website development and service);

(ট) আইটি সহায়তা ও সফটওয়্যার মেইনটেন্যান্স সার্ভিস (IT assistance and software maintenance service);

(ঠ) জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিস (geographic information service);

(ড) ডিজিটাল এনিমেশন ডেভেলপমেন্ট (digital animation development);

(ঢ) ডিজিটাল গ্রাফিক্স ডিজাইন (digital graphics design);

(ণ) ডিজিটাল ডেটা এন্ট্রি ও প্রসেসিং (digital data entry and processing);

(ত) ই-লার্নিং প্লাটফর্ম ও ই-পাব্লিকেশন (e-learning platform and e-publication);

(থ) আইটি ফ্রিল্যান্সিং (IT freelancing);

(দ)	কল সেন্টার সার্ভিস (call center service);

(ধ)	ডকুমেন্ট কনভারশন, ইমেজিং ও ডিজিটাল আর্কাইভিং (document conversion, imaging and digital archiving)

**১১। কর অব্যাহতি যৌক্তিকীকরণ:**

কর অব্যাহতি যৌক্তিকীকরণ এর জন্য নিম্নরূপ প্রস্তাব করা হয়েছেঃ

ক) কর অব্যাহতি প্রাপ্ত কোন ব্যক্তি তার কর অব্যাহতি পূর্ণাঙ্গ বা আংশিকভাবে সমর্পণপূর্বক নিয়মিত হারে কর পরিশোধ করতে পারবেন;

খ) হাই-টেক পার্কের সুবিধা কেবল সরকারি হাই-টেক পার্কে সীমাবদ্ধ করা এবং অর্থনৈতিক অঞ্চলসমূহের ক্ষেত্রেও একই ব্যবস্থা গ্রহণ করা;

গ) কোনো ব্যক্তি কোনো একটি উৎসের আয়ের বিপরীতে কোনো নির্দিষ্ট মেয়াদে কর অব্যাহতি প্রাপ্ত হলে উক্তরূপ উৎসের আয়ের বিপরীতে পুনরায় অন্য কোনোভাবে অন্য কোনো মেয়াদে কর অব্যাহতি প্রাপ্ত হবেন না এবং উক্তরূপ কোনো ব্যক্তি কোনো প্রকারের মার্জার, ডিমার্জার ও অধিগ্রহণের মাধ্যমে পূনর্গঠিত হলেও উক্তরূপ কর অব্যাহতি প্রাপ্ত হবে না;

ঘ) পেট্রোলিয়াম ও মিনারেল উত্তোলনে নিয়োজিত কোম্পানিসমূহের নিঃশেষ ভাতা অননুমোদন করা;

ঙ) কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতার কর্তৃক গৃহীত ৫০ লক্ষ টাকার অধিক কোনো মূলধনী আয় যাহা তালিকাভূক্ত কোনো কোম্পানি বা তহবিলের শেয়ার বা ইউনিট হস্তান্তর হতে অর্জিত হয়েছে, তা করের আওতাভূক্ত করা।